



দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ১৩তম: টিআইবি



ছবি: সংগৃহীত

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের 'করাপশন পারসেপশনস ইনডেক্স ২০২৫' অনুযায়ী দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় এক ধাপ পিছিয়ে ১৩তম স্থানে নেমেছে বাংলাদেশ।

তবে একই সঙ্গে স্কোরে ১ পয়েন্ট বৃদ্ধি পেয়ে তা দাঁড়িয়েছে ২৪-এ।

রাজধানীর ধানমন্ডিতে আয়োজিত সংবাদ সম্মেলনে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এ তথ্য তুলে ধরেন। তিনি বলেন, জুলাইয়ের গণআন্দোলনের পর দুর্নীতি নিয়ন্ত্রণ ও সুশাসন প্রতিষ্ঠায় যে প্রত্যাশা তৈরি হয়েছে, স্কোর বৃদ্ধিকে তার প্রাথমিক ইঙ্গিত হিসেবে দেখা যেতে পারে।

প্রতিবেদনে আরও বলা হয়, দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে আফগানিস্তানের পর বাংলাদেশের স্কোর ও অবস্থান দ্বিতীয় সর্বনিম্ন। বাস্তব পরিস্থিতিতে বড় কোনো পরিবর্তন না এলেও সাম্প্রতিক প্রেক্ষাপট সূচকে সীমিত ইতিবাচক প্রতিফলন দেখিয়েছে।

LENS ASIA